Bengali

Victims of Crime –
support and advice

অপরাধের ভুক্তভোগীরা –
সহায়তা এবং পরামর্শ

The police will pass information about you to Victim Support so that they can offer you help and support, unless you ask the police not to.

The police will update you about your case on at least a monthly basis, and tell you if someone is arrested, bailed or cautioned in connection with your case, unless you ask them not to.

আপনার সম্পর্কে বিবরণ পুলিশ 'ভিক্টিম সাপোর্ট' (Victim Support) নামে সংস্থাটির কাছে পাঠিয়ে দেবে যাতে তারা আপনাকে সাহায্য ও সহায়তা দিতে পারে, যদি না আপনি তা করতে পুলিশকে নিষেধ করেন।

পুলিশ প্রতি মাসে কমপক্ষে একবার আপনার বিষয়টি সম্পর্কে সর্বাধুনিক বিবরণ আপনাকে জানাবে, এবং আপনার বিষয়টির সঙ্গে জড়িত থাকার দায়ে যদি কাউকে গ্রেফ্তার করা, জামিন দেওয়া কিংবা সতর্ক করে' দেওয়া হয়ে থাকে তা আপনাকে বলবে, যদি না আপনাকে জানাতে আপনি তাদের নিষেধ করে' থাকেন।

CRIMINAL JUSTICE SYSTEM

Victims of Crime – support and advice

First of all, thank you for reporting the crime to the police. Reporting crime is an essential first step in bringing offenders to justice.

This leaflet explains what will happen now.

The Criminal Justice System website at **www.cjsonline.gov.uk** contains more information for victims of crime, such as specific sections on 'Help and Support' and 'Going to Court'.

The police

Now you have reported a crime to the police, they will decide what to do next. For example, they may begin an investigation to try to solve the crime. Wherever possible, you should:

> give them as much information as you can about the offence, including what happened and what you saw and heard;

> tell them if you are worried about your own or your family's safety or your privacy – there is support available if you are feeling intimidated (see below);

> tell them if the crime was made worse by abuse or hate related to race, sexuality, religion or disability; and

> let them know of any specific needs you have that would help the police provide the best service they can – for example, religious requirements or a health problem.

The police will give you contact details so that, if you need to contact them again after making your statement, or if you feel your rights under the Code of Practice for Victims of Crime have not been met (see below), you can talk to someone who is already familiar with your situation. These contact details will include:

Name of the police station	
Main telephone number of the police station	
Name of the officer dealing with your case	
Rank and number of the officer dealing with your case	
Crime reference number	
Telephone number of the crime desk (if there is one)	

অপরাধের ভুক্তভোগীরা - সহায়তা ও পরামর্শ

প্রথমেই, অপরাধের খবর পুলিশকে জানানোর জন্য আপনাকে ধন্যবাদ। অপরাধের খবর দেওয়া অপরাধীদের বিচার করতে পারার পথে একটা গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ।

এখন কি ঘটবে তার বিবরণ এই প্রচারপত্রে দেওয়া হয়েছে।

অপরাধের ভুক্তভোগীদের জন্য আরো বিস্তারিত বিবরণ, যেমন 'Help and Support' ('সাহায্য ও সহায়তা') এবং 'Going to Court' ('আদালতে যাওয়া') সম্পর্কে সুনির্দিষ্ট কিছু অংশ ক্রিমিন্যাল জাস্টিস্ সীস্টেম (Criminal Justice System)-এর ওয়েবসাইট **www.cjsonline.gov.uk**-এ দেখা যাবে।

পুলিশ

এখন যেহেতু আপনি পুলিশের কাছে একটা অপরাধের খবর দিয়েছেন, তারাই স্থির করবে এর পরে কি করতে হবে। উদাহরণস্বরূপ, ঐ অপরাধের সমাধান করার উদ্দেশ্যে তারা একটা তদন্ত-প্রক্রিয়া শুরু করতে পারে। যেখানেই সম্ভব, আপনার উচিত :

> অপরাধ সম্পর্কে আপনার পক্ষে যতটা সম্ভব বিস্তারিত তথ্য তাদের দেওয়া, যার মধ্যে থাকবে যা ঘটেছে এবং আপনি যা দেখেছেন তার বিবরণ;

> নিজের বা আপনার পরিবারের নিরাপত্তা কিংবা আপনার ব্যক্তিগত পরিস্থিতি সম্পর্কে যদি আপনার দুশ্চিন্তা থাকে সেটা তাদের বলবেন - আপনি যদি মনে করেন যে আপনাকে হুমকি দেওয়া হচ্ছে তাহলে সাহায্য পাওয়া যাবে (নিচে দেখুন);

> বর্ণবাদ, যৌনতা, ধর্ম বা প্রতিবন্ধকতার সঙ্গে সম্পর্কিত নির্যাতন বা ঘৃণার দরুণ ঐ অপরাধের প্রকৃতি আরো খারাপ হয়ে থাকলে সে'কথা তাদের বলুন;

> এমন কোন সুনির্দিষ্ট চাহিদা যদি আপনার থাকে যা আপনাকে সবচেয়ে ভালো সেবা দেওয়ায় পুলিশকে সাহায্য করতে পারে সেটা তাদের জানাবেন - উদাহরণস্বরূপ, কোনরকম ধর্মীয় প্রয়োজন অথবা স্বাস্থ্যঘটিত সমস্যা।

পুলিশ আপনাকে তাদের সঙ্গে যোগাযোগের বিবরণ দেবে যাতে, আপনার এজাহার দেওয়ার পর যদি আপনাকে আবার তাদের সঙ্গে যোগাযোগ করতে হয়, অথবা আপনি যদি মনে করেন যে 'কোড অভ্ প্র্যাক্টিস্ ফর ভিক্টিমস্ অভ্ ক্রাইম' বা অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি অনুসারে আপনার বিভিন্ন অধিকার পূরণ করা হচ্ছে না (নিচে দেখুন), তাহলে আপনার পরিস্থিতি সম্পর্কে ইতিমধ্যেই ওয়াকিবহাল এমন কারো সঙ্গে আপনি কথা বলতে পারেন। এইসব যোগাযোগের বিবরণের মধ্যে থাকবে :

পুলিশ থানার নাম	
পুলিশ থানার প্রধান টেলিফোন নম্বর	
যে অফিসার আপনার বিষয়টি নিয়ে কাজ করছেন তাঁর নাম	
যে অফিসার আপনার বিষয়টি নিয়ে কাজ করছেন তাঁর পদ ও নম্বর	
ক্রাইম রেফারেন্স নম্বর	
ক্রাইম ডেস্ক-এর টেলিফোন নম্বর (যদি তা থাকে)	

Keep these details handy. You should contact the police again if, for example: you remember more details about the incident; you find that there was more loss or damage than you first thought resulting from the incident; or you were hurt during the crime and the injuries now seem more serious than they did at the time.

You should also tell the police if you change your address or telephone number so that they can let you know if someone has been arrested, bailed or cautioned in connection with the offence.

What happens next?

The police will decide whether there is sufficient information to investigate the crime. This may involve taking statements and speaking to witnesses or doing forensic tests. Whatever happens, you will be told whether or not the crime is being investigated further or if the investigation is closed and the reason why. You will be told if a suspect is arrested, charged, bailed or the subject of an out-of-court resolution such as a caution or reprimand. If the offender is identified and is under 18 years of age, you may be contacted by the Youth Offending Team about participating in a restorative process.

Going to court

If your case goes to court the following will happen:

> you will be contacted by a Witness Care Unit. They will be your single point of contact throughout the criminal justice process, provide you with practical support and give you the information you need; and

> if you are required to give evidence, you will be offered support from Victim Support's Witness Service, which is confidential and free.

The Code of Practice for Victims of Crime

Victims of crime are entitled to minimum standards of service from the Criminal Justice System under the Code of Practice for Victims of Crime. These standards include:

> the right to be referred to Victim Support (see below) or given information about the types of support available in your area;

> the right to be kept informed of the progress of your case on a minimum of a monthly basis and to be told when there has been a major development in your case, such as an arrest or a charge;

এইসব বিবরণ হাতের কাছে রাখবেন। আপনার আবারও পুলিশের সঙ্গে যোগাযোগ করা উচিত যদি, উদাহরণস্বরূপ : ঘটনা সম্পর্কে আরো কিছু বিবরণ আপনার মনে পড়ে; আপনি দেখেন যে ঘটনার দরুণ যতটা ক্ষয়-ক্ষতি আপনার হয়েছে বলে আপনি প্রথমে মনে করেছিলেন আসলে তার চেয়ে বেশী হয়েছে; অথবা অপরাধ ঘটার সময়ে আপনি আহত হয়েছিলেন এবং আপনার আঘাতের মাত্রা সে'সময়ে যেমন মনে হয়েছিল এখন তার চেয়ে বেশী বলে মনে হচ্ছে।

আপনি যদি আপনার ঠিকানা বা টেলিফোন নম্বর পালটান সেটাও পুলিশকে আপনার জানানো উচিত যাতে ঐ অপরাধের সঙ্গে জড়িত থাকার কারণে কাউকে গ্রেফ্তার করা, জামিন দেওয়া কিংবা সতর্ক করে' দেওয়া হয়ে থাকলে তার সেটা আপনাকে জানাতে পারে।

এর পরে কি হবে?

পুলিশ স্থির করবে যে ঐ অপরাধের তদন্ত করার জন্য যথেষ্ট তথ্য পাওয়া গেছে কি না। এর মধ্যে থাকতে পারে বিভিন্ন লোকের বিবৃতি নেওয়া এবং সাক্ষীদের সঙ্গে কথা বলা অথবা আদালতে পেশযোগ্য তথ্য সংগ্রহের জন্য পরীক্ষা চালানো। যাই ঘটুক না কেন, অপরাধের আরো বিস্তারিত তদন্ত করা হচ্ছে কি না অথবা তদন্ত বন্ধ করে' দেওয়া হয়েছে কি না এবং তার কারণ আপনাকে জানানো হবে। সন্দেহভাজন কোন ব্যক্তিকে যদি গ্রেফ্তার করা হয়, তার বিরুদ্ধে অভিযোগ পেশ করা হয় কিংবা তাকে জামিন দেওয়া হয় অথবা তাকে সতর্ক করে' দেওয়ার বা প্রকাশ্যে তিরস্কার করার মাধ্যমে আদালতের বাইরেই ঘটনার নিষ্পত্তি করা হয় সেটা আপনাকে জানানো হবে। অপরাধীকে যদি শনাক্ত করা হয় এবং সে 18 বছরের কম বয়সী হয়, তাহলে একটা সংশোধনী প্রক্রিয়ায় অংশ নেওয়ার ব্যাপারে 'ইয়ুথ অফেন্ডিং টীম' (Youth Offending Team) আপনার সঙ্গে যোগাযোগ করবে।

আদালতে যাওয়া

আপনার বিষয়টি যদি আদালতে পেশ করা হয় তাহলে নিচের ঘটনাগুলি ঘটবে :

> একটা 'উইটনেস্ কেয়ার ইউনিট' (Witness Care Unit) আপনার সঙ্গে যোগাযোগ করবে। অপরাধের বিচার প্রক্রিয়ার সমস্ত স্তরে তারাই হবে আপনার যোগাযোগের একমাত্র সূত্র, এবং তারা আপনাকে ব্যবহারিক সহায়তা এবং যে'সব তথ্য আপনার প্রয়োজন তা দেবে; এবং

> আপনাকে যদি সাক্ষ্য দিতে হয়, ভিক্টিম সাপোর্ট (Victim Support)-এর উইট্নেস্ সার্ভিস্ (Witness Service) বা সাক্ষীদের জন্য পরিষেবার তরফে আপনাকে সহায়তাদানের প্রস্তাব দেওয়া হবে, যা হলো গোপনীয় এবং বিনা মূল্যের সহায়তা।

অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি

অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি (Code of Practice for Victims of Crime) অনুসারে, অপরাধের ভুক্তভোগীরা ক্রিমিন্যাল জাস্টিস্ সীস্টেম-এর কাছ থেকে কিছু ন্যূনতম মানের সেবা পাওয়ার অধিকারী। এইসব মানের মধ্যে আছে :

> ভিক্টিম সাপোর্ট-এর কাছে যাওয়ার সুপারিশের অধিকার (নিচে দেখুন) অথবা আপনার এলাকায় যে'সব ধরনের সহায়তা পাওয়া যেতে পারে তাদের সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার;

> আপনার বিষয়টির অগ্রগতির বিবরণ কমপক্ষে প্রতি মাসে একবার জানতে পারার অধিকার এবং কোনরকম উল্লেখযোগ্য ঘটনা ঘটলে, যেমন কাউকে গ্রেফ্তার করা বা কারো বিরুদ্ধে অভিযোগ পেশ করা হয়ে থাকলে, তা জানার অধিকার;

> the right to be told if a charge is withdrawn or there is a major change to the charge;

> the right to be told the dates of court hearings and to be told if you will be needed as a witness; and

> the right to be informed about the outcome of the case including, if the offender is found guilty, information about the sentence given and any appeals.

If you do not receive the level of service set out in the Code of Practice, you can make a complaint. For more information about the Code of Practice for Victims of Crime, and for information on how to make a complaint or provide feedback on the service you receive, ask the police for a copy of the leaflet 'Code of Practice: Guide for Victims', or have a look at the website **www.cjsonline.gov.uk**

Compensation

Criminal Injuries Compensation Scheme

If you have been injured in a violent crime, you can apply for a payment under the Criminal Injuries Compensation Scheme. For more information on the scheme, ask for the leaflet 'Victims of Crimes of Violence – A Guide to the Criminal Injuries Compensation Scheme'. You can get this from the police, from Victim Support, from your nearest Citizens Advice Bureau, or from the Criminal Injuries Compensation Authority (telephone: **0800 358 3601**; website: **www.cica.gov.uk**).

Motor Insurers' Bureau

If you suffer injury, loss, or damage to property as a result of a road traffic incident involving a motor vehicle, you will normally be eligible for a payment made by the vehicle owner's insurance company. If the vehicle is uninsured, you may be able to claim compensation from the Motor Insurers' Bureau. If the police have not traced the offender, only personal injury compensation may be available. To claim, or to find out more, contact the Motor Insurers' Bureau (telephone: **01908 830001**; website: **www.mib.org.uk**).

Protection against crime and harassment

The police can offer free crime prevention advice. You may also find helpful information in the Home Office crime prevention guide 'Your Practical Guide to Crime Prevention'. Ask the police for a copy.

> কোন অভিযোগ প্রত্যাহার করা হলে কিংবা অভিযোগে কোন বড় ধরনের পরিবর্তন হয়ে থাকলে তা জানার অধিকার;

> আদালতে শুনানির বিভিন্ন তারিখ জানার এবং সাক্ষী হিসাবে আপনাকে প্রয়োজন হবে কি না তা জানার অধিকার;

> মামলার ফলাফল, যেমন অপরাধী দোষী সাব্যস্ত হয়েছে কি না, তাকে দেওয়া শাস্তির এবং যে কোন আপীলের বিবরণ জানার অধিকার।

সেবার যে মান আচরণবিধিতে বর্ণনা করা হয়েছে তা যদি আপনি না পান, আপনি অভিযোগ করতে পারেন। অপরাধের ভুক্তভোগীদের জন্য আচরণবিধি সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য, এবং কিভাবে অভিযোগ করতে হবে তা জানার অথবা আপনার পাওয়া সেবা সম্পর্কে আপনার মতামত জানানোর জন্য, 'কোড অভ্ প্র্যাক্‌টিস্ : গাইড ফর ভিক্টিমস্' (Code of Practice: Guide for Victims) বা 'আচরণবিধি : অপরাধের ভুক্তভোগীদের জন্য নির্দেশিকা' নামে প্রচারপত্রের কপি পুলিশের কাছ থেকে চেয়ে নেবেন, অথবা ওয়েবসাইট **www.cjsonline.gov.uk** দেখবেন।

ক্ষতিপূরণ

ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন স্কীম

কোন সহিংস অপরাধের দরুণ আপনি যদি আহত হয়ে থাকেন, 'ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন স্কীম' (Criminal Injuries Compensation Scheme) বা 'অপরাধজনিত আঘাতের জন্য ক্ষতিপূরণপ্রদান কর্মসূচি' অনুসারে আপনি আর্থিক ক্ষতিপূরণ দাবি করতে পারেন। এই কর্মসূচি সম্পর্কে আরো বিস্তারিত তথ্যের জন্য, 'ভিক্টিমস্ অভ্ ক্রাইমস্ অভ্ ভায়োলেন্স - এ গাইড টু দ্য ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন স্কীম' (Victims of Crimes of Violence – A Guide to the Criminal Injuries Compensation Scheme) বা 'সহিংস অপরাধের ভুক্তভোগীরা - অপরাধজনিত আঘাতের জন্য ক্ষতিপূরণপ্রদান কর্মসূচির নির্দেশিকা' নামে প্রচারপত্র চেয়ে নিন। এই প্রচারপত্র আপনি পুলিশ, ভিক্টিম সাপোর্ট, আপনার সবচেয়ে কাছাকাছি সিটিজেনস্ অ্যাডভাইস ব্যুরো, অথবা ক্রিমিন্যাল ইনজ্যুরিজ্ কম্পেনসেশন অথরিটী (Criminal Injuries Compensation Authority) নামে সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে সংগ্রহ করতে পারবেন (টেলিফোন : **0800 358 3601**; ওয়েবসাইট : **www.cica.gov.uk**)।

মোটর ইনসিওরারস্' ব্যুরো

মোটরগাড়ি সম্পর্কিত কোন পথ-দুর্ঘটনায় যদি আপনি আহত হন, আপনার নিজের বা আপনার সম্পত্তির কোনরকম ক্ষয়-ক্ষতি হয়, স্বাভাবিকভাবে আপনি ঐ গাড়ির মালিকের ইনসিওর‍্যান্স বা বীমা প্রতিষ্ঠানের কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হবেন। ঐ গাড়ির যদি বীমা না থাকে, আপনি মোটর ইনসিওরারস্' ব্যুরো (Motor Insurers' Bureau) নামে সংস্থাটির কাছ থেকে ক্ষতিপূরণ দাবি করতে পারেন। পুলিশ যদি দোষী ব্যক্তিকে খুঁজে বার করতে না পারে, তাহলে কেবল ব্যক্তিগত আঘাতের জন্যই ক্ষতিপূরণ পাওয়া যেতে পারে। দাবি করার জন্য, অথবা আরো বিস্তারিত জানার জন্য, মোটর ইনসিওরারস্' ব্যুরো-তে যোগাযোগ করবেন (টেলিফোন : **01908 830001**; ওয়েবসাইট : **www.mib.gov.uk**)।

অপরাধ এবং হয়রানির বিরুদ্ধে সুরক্ষা

অপরাধ প্রতিরোধ সম্পর্কে পুলিশের কাছ থেকে বিনা মূল্যে পরামর্শ পাওয়া যাবে। হোম অফিস বা স্বরাষ্ট্র দফ্‌তরের অপরাধ প্রতিরোধ-সংক্রান্ত নির্দেশিকা 'ইয়োর প্র্যাক্‌টিক্যাল গাইড টু ক্রাইম প্রিভেনশন' (Your Practical Guide to Crime Prevention) বা 'অপরাধ প্রতিরোধ সম্পর্কে আপনার ব্যবহারিক নির্দেশিকা' থেকেও আপনি কিছু সাহায্যকারী তথ্য পাবেন।

It is a criminal offence to make another person fear that violence will be used against them. It is also an offence to make someone afraid by, for example, 'stalking'. If you have suffered harassment or fear of violence and the offender has been caught and convicted, the criminal court can make a restraining order to stop them coming near you to threaten you or make you afraid. You can also ask a civil court for an injunction to stop someone's threatening behaviour.

Support and advice

Victim Support

Victim Support is the national charity that helps people affected by crime.

Victim Supportline

0845 30 30 900
For those with hearing difficulties: 18001 0845 30 30 90
Email: supportline@victimsupport.org.uk
Website: www.victimsupport.org.uk

English National Domestic Violence Helpline

0808 2000 247

Wales Domestic Abuse Helpline

0808 80 10 800

Male Advice and Enquiry Line

If you are a man experiencing domestic violence or you want to call on behalf of a male friend or relative, you can contact the Male Advice and Enquiry Line on:
0845 064 6800

Rape Crisis

This website has a list of local rape crisis centres:
www.rapecrisis.org.uk

কোন ব্যক্তিকে এমন ভয় দেখানো যে তার বিরুদ্ধে সহিংস আচরণ করা হবে, একটা শাস্তিযোগ্য অপরাধ। কাউকে অন্য কোনভাবে, যেমন তাকে 'অনুসরণ করে', আতংকিত করাও একটা অপরাধ। আপনি যদি কোন ধরনের হুমকি বা হয়রানির অথবা সহিংস আচরণের আশংকার ভুক্তভোগী হয়ে থাকেন এবং অপরাধীকে গ্রেফ্‌তার ও দোষী সাব্যস্ত করা হয়ে থাকে, তাহলে ক্রিমিন্যাল কোর্ট বা ফৌজদারি আদালত আপনাকে ভয় দেখানোর উদ্দেশ্যে তার আপনার কাছাকাছি আসা বা আপনাকে হুমকি দেওয়া নিষিদ্ধ করে' তার বিরুদ্ধে একটা আচরণ নিয়ন্ত্রণকারী অধ্যাদেশ (restraining order) জারি করতে পারে। কোন লোকের ভীতি সৃষ্টিকারী আচরণ বন্ধ করার জন্য ইনজাংশন বা স্থগিতদেশ জারি করার আবেদনও আপনি একটা সিভিল কোর্ট বা দেওয়ানী আদালতের কাছে পেশ করতে পারেন।

সাহায্য এবং সহায়তা

ভিক্টিম সাপোর্ট
Victim Support

ভিক্টিম সাপোর্ট হলো একটা জাতীয় দাতব্য প্রতিষ্ঠান যার কাজ অপরাধের ভুক্তভোগী লোকজনকে সাহায্য করা।

ভিক্টিম সাপোর্টলাইন
Victim Supportline

0845 30 30 900
যাদের কানে শোনায় সমস্যা আছে তাদের জন্য : 18001 0845 30 30 90
ই-মেইল : supportline@victimsupport.org.uk
ওয়েবসাইট : www.victimsupport.org.uk

ইংলিশ ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স হেলপ্‌লাইন
English National Domestic Violence Helpline

0808 2000 247

ওয়েলস্‌ ডমেস্টিক অ্যাবিউজ হেলপ্‌লাইন
Wales Domestic Abuse Helpline

0808 80 10 800

মেল অ্যাডভাইস অ্যান্ড এনকোয়্যারী লাইন
Male Advice and Enquiry Line

আপনি যদি পরিবারিক সহিংসতার ভুক্তভোগী একজন পুরুষ হন অথবা কোন পুরুষ বন্ধু বা আত্মীয়ের তরফে কিছু জানতে চান, আপনি মেল অ্যাডভাইস অ্যান্ড এনকোয়্যারী লাইন-এ এই নম্বরে টেলিফোন করতে পারেন :
0845 064 6800

রেপ ক্রাইসিস্‌
Rape Crisis

ধর্ষণজনিত সংকটে সহায়তাদানের স্থানীয় কেন্দ্রগুলির তালিকা এই ওয়েবসাইট-এ দেওয়া আছে :
www.rapecrisis.org.uk

Help from Victim Support

You may be affected by crime emotionally or physically and in many different or unpredictable ways. These feelings are common. Victim Support is the national independent charity for people affected by crime. It provides a free and confidential service. Trained staff and volunteers offer information, support and practical help.

Your local Victim Support service is:

You can contact the Victim Supportline on **0845 30 30 900**.

Or, if you prefer, you can write to the Victim Supportline at:
PO Box 11431, London SW9 6ZH

Further information about the help available to you as a victim of crime can also be found at **www.cjsonline.gov.uk**

If you are not sure about anything in this leaflet, or how to get the help and support that is available to you, ask your local police for advice.

This leaflet is available in large print and Braille versions, as well as in a number of different languages. Ask the police if you would like an alternative version.

ভিক্টিম সাপোর্ট-এর কাছ থেকে সাহায্য

আপনি মানসিক বা শারীরিকভাবে এবং অন্যান্য আরো বহু ধরনের বা অপ্রত্যাশিত অপরাধের ভুক্তভাগী হয়ে থাকতে পারেন। এই জাতীয় অনুভূতি সাধারণ। ভিক্টিম সাপোর্ট হচ্ছে অপরাধের ভুক্তভোগী লোকজনের জন্য জাতীয় বেসরকারী দাতব্য প্রতিষ্ঠান। এটা বিনা মূল্যের ও গোপনীয় সেবা প্রদান করে' থাকে। উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীবৃন্দ ও স্বেচ্ছাকর্মীদের কাছ থেকে তথ্য, সহায়তা এবং ব্যবহারিক সাহায্য পাওয়া যায়।

আপনার স্থানীয় ভিক্টিম সাপোর্ট কেন্দ্রের ঠিকানা হলো :

আপনি ভিক্টিম সাপোর্টলাইন-এর সঙ্গে **0845 30 30 900** নম্বরে যোগাযোগ করতে পারেন।

অথবা আপনি চাইলে আপনি ভিক্টিম সাপোর্টলাইন-এ এই ঠিকানায় চিঠি লিখতে পারেন :
PO Box 11431, London SW9 6ZH

অপরাধের ভুক্তভোগী হিসাবে আপনি যে ধরনের সাহায্য পাওয়ার অধিকরী তার সম্পর্কে আরো বিস্তারিত বিবরণ পাওয়া যাবে **www.cjsonline.gov.uk** এই ওয়েবসাইট-এ।

এই প্রচারপত্রের কোন বিষয়, অথবা আপনার প্রাপ্য সাহায্য ও সহায়তা কিভাবে পাবেন তা যদি আপনি স্পষ্টভাবে বুঝতে না পেরে থাকেন, পরামর্শের জন্য আপনার স্থানীয় পুলিশের সঙ্গে কথা বলুন।

এই প্রচারপত্র বড় হরফে ছাপা এবং ব্রেইল বা অন্ধলিপি সংস্করণে, সেই সাথে অন্যান্য আরো কয়েকটা ভাষায় পাওয়া যায়। আপনি অন্য কোন সংস্করণ পেতে চাইলে পুলিশের কাছ থেকে চেয়ে নিন।

Criminal Justice System: working together for the public

Produced by the Office for Criminal Justice Reform. July 2006
Order code VOC/BENGALI File ref: 275893